

# শিক্ষার্থীদের সংঘর্ষের জেরে ঢাকা কলেজ ২ দিন বন্ধ ঘোষণা

অনলাইন ডেস্ক

২২ এপ্রিল, ২০২৫  
২১:২৩

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

শিক্ষার্থীদের সংঘর্ষের জেরে ঢাকা সিটি কলেজের পর ঢাকা কলেজও বুধবার ও বৃহস্পতিবার বন্ধ ঘোষণা করেছে।

মঙ্গলবার (২২ এপ্রিল) সন্ধ্যায় কলেজের (অধ্যক্ষ) ভারপ্রাপ্ত অধ্যাপক পারভীন সুলতানা হায়দারের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, একাদশ, অনার্স ও মাস্টার্স শ্রেণির ক্লাস আগামী বুধ ও বৃহস্পতিবার (২৩ ও ২৪ এপ্রিল) স্থগিত করা হয়েছে। তবে অনার্স ও মাস্টার্স শ্রেণির ব্যবহারিক ও মৌখিক পরীক্ষাসমূহ পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

এর আগে সংঘাত এড়াতে দুই দিনের জন্য ঢাকা সিটি কলেজও বন্ধ ঘোষণা করা হয়। প্রতিষ্ঠানটির অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এফ এম মোবারক হোসাইন বিকেলে এ ঘোষণা দেন।

দুপুরে সংঘর্ষের জেরে পুরো সায়েন্সল্যাব এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। থেমে থেমে ককটেল বিস্ফোরণ এবং ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে বিকেল পর্যন্ত।

সংঘর্ষের ঘটনায় নিউ মার্কেটের দুই পাশের সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

পুলিশের রমনা বিভাগের ডিসি মাসুদ আলম জানান, পূর্বশত্রুতার জেরেই দুই কলেজ সংঘর্ষে জড়ায়। এ ঘটনায় এখন পর্যন্ত আহত হয় ১৫ জনের অধিক শিক্ষার্থী।

তবে সিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দাবি, তার প্রতিষ্ঠানেরই গুরুতর আহত হয়েছেন অন্তত ২৫ শিক্ষার্থী।